ভাত খেতে গিয়ে পিকআপ হারালেন পুলিশ সদস্যরা।



ছবি: সংগৃহীত

চট্টগ্রাম নগরের হালিশহরে জেলা পুলিশ লাইনের সামনে থেকে পুলিশের একটি পিকআপ ভ্যান চুরির ঘটনা ঘটেছে। বুধবার (১৮ নভেম্বর) দুপুর পৌনে ৩টার দিকে ছোটপুল এলাকায় এ ঘটনা ঘটে। খাবার খেতে গিয়ে গাড়িটি সড়কের পাশে রেখে গিয়েছিলেন দায়িত্বে থাকা পুলিশ সদস্যরা।

পুলিশ সূত্রে জানা গেছে, হালিশহর থানার একটি টহল দল পুরোনো মডেলের সিঙ্গেল ডেকার পিকআপ নিয়ে দায়িত্ব পালন করছিল। তিন সদস্যের ওই দলটি জেলা পুলিশ লাইনের সামনে গাড়ি রেখে পাশের একটি রেস্তোরাঁয় খাবার খেতে যান। ফিরে এসে তাঁরা পিকআপটি আর সেখানে পাননি।

ঘটনাস্থলের সিসিটিভি ক্যামেরার ফুটেজে দেখা গেছে, এক ব্যক্তি গাড়িটিতে উঠে দ্রুত সেখান থেকে চলে যাচ্ছেন। ফুটেজ দেখে চোরকে শনাক্ত ও পিকআপটি উদ্ধারের চেষ্টা চলছে বলে জানিয়েছে পুলিশ।

হালিশহর থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মোহাম্মদ জয়নাল আবেদীন মণ্ডল বলেন, ঘটনাটি তদন্ত করে বিস্তারিত জানানো হবে।

LENS ASIA